গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

# ১২ জুলাই, ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ |
| সভার তারিখ | ১২ জুলাই, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়। সভার আলোচ্যসূচি নিম্নরূপ :

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:
খ. পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
গ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
ঘ. নৈতিকতা কমিটি পুনর্গঠন বিষয়ে আলোচনা; এবং
ঙ. বিবিধ;

**আলোচ্যসূচি-ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :**
সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-খ : পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**
এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য সভায় পেশ করা হয়। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্র: নং | বিগত সভার সিদ্ধান্ত | গৃহীত কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত অনুবিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নক্রমে প্রমাণকসহ স্ব-মূল্যায়ন ফরম নির্ধারিত সময়ের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। | ১) এনটিআরসিএ'র শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা হয়েছে।<br>২) প্রমাণকসহ স্ব-মূল্যায়ন ফরম নির্ধারিত সময়ের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>৩) ২০২১-২২ অর্থ বছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মূল্যায়নে এনটিআরসিএ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ১০ (দশ) নম্বর এর মধ্যে ৯ নম্বর পেয়ে বিভাগের আওতাধীন সকল দপ্তর-সংস্থার মধ্যে ১ম স্থান অধিকার করেছে। | শুদ্ধাচার বিষয় ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

**আলোচ্যসূচি-গ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা বিষয়ক আলোচনা;**

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪ (চার) প্রান্তিকে ০৪ (চার) টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। আজ ১২.০৭.২০২৩ তারিখে প্রথম প্রান্তিকের সভা আয়োজন করা হয়েছে। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্টকর্মকর্তা |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি ত্রৈমাসিকে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্টকর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণের সভা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম, ২য়, ৩য় ও ৪র্থ প্রান্তিকে ০১ টি করে মোট ০৪টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | নির্ধারিত সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা ১ম প্রান্তিকে আয়োজন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্টকর্মকর্তা |
| 8. | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ও ৪র্থ প্রান্তিকে এনটিআরসিএ'র মোট ১১০ জন (৫৫+৫৫) কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ |
| ৫. | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)। | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) বিষয়ক কার্যক্রম প্রাতিষ্ঠানিক ব্যবস্থা কার্যক্রমে অন্তর্ভূক্ত রয়েছে। এ বিষয়ে প্রথম প্রান্তিকে যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে তা হলো- (১) পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং (২) নথি বিনষ্টকরণ।<br><br>(১) পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ে ১ম প্রান্তিকে যেসকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে তা নিম্নরূপ:<br><br>(ক) প্রশাসন শাখা হতে প্রতিমাসে একবার অফিস প্রাঙ্গাণ ও কমন টয়লেটসমূহ পরিদর্শনের জন্য কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব প্রদান করে অফিস আদেশ জারিকরণ। | কমিটি গঠনের অফিস আদেশ জারি করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ<br>ও<br>সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) টয়লেটসমূহ পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক টয়লেটসমূহের পরিচ্ছন্নতা প্রতিদিন পরিদর্শন।<br>(গ) দিনে ৩ বার টয়লেটসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) কে দায়িত্ব প্রদান।<br><br>(২) নথি বিনষ্টকরণ : নথি বিনষ্টকরণ বিষয়ে ১ম প্রান্তিকে যেসকল কার্যক্রম গ্রহণ করা যেতে পারে তা নিম্নরূপ:<br>বিভিন্ন শাখা হতে নথির তালিকা সংগ্রহ করে নথি বিনষ্টযোগ্য কিনা তা যাচাই বাছাইয়ের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে কমিটি গঠন করা যেতে পারে। | | |
| ৬. | ২.১ ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভাকে জানানো হয় যে, এনটিআরসিএ’র ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ৩১.০৭.২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | এনটিআরসিএ’র ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩১.০৭.২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ<br>ও<br>সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) |
| ৭. | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন | ১ম প্রান্তিকে অনুমোদিত রাজস্ব বাজেটের বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অনুযায়ী পদ্ধতির সকল ধাপ বিধি মোতাবেক অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পন্ন করা যেতে পারে। | ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সচিব<br>এনটিআরসিএ<br>ও<br>সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা) |
| ৮. | ২.৩ বাজেট বাস্তবায়ন | ১ম প্রান্তিকে রাজস্ব বাজেটের ১০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ৮৫% এর কম বাজেট বাস্তবায়িত হলে কোন নম্বর পাওয়া যাবে না। | লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | এনটিআরসিএ’র TO&E ভুক্ত যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে যানবাহন নীতিমালার আলোকে এনটিআরসিএ’র যানবাহনগুলোর জ্বালানী ও অন্যান্য বিষয়গুলোর সঠিকভাবে পরিচালনা হচ্ছে কিনা তা প্রতি মাসে যাচাই অন্তে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী পরিচালক (যানবাহন), এনটিআরসিএ-কে দায়িত্ব দেয়া যেতে পারে। | এনটিআরসিএ’র যানবাহনগুলোর জ্বালানী ও অন্যান্য বিষয়গুলোর সঠিকভাবে পরিচালনা হচ্ছে কিনা তা প্রতি মাসে যাচাই অন্তে প্রতিবেদন দেয়ার জন্য সহকারী পরিচালক (যানবাহন), এনটিআরসিএ-কে দায়িত্ব প্রদান করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ<br>ও<br>সহকারী পরিচালক<br>(যানবাহন) |
| ১০. | ৩.২ স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই-এর ফিডব্যাক প্রদান | স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই-এর ফিডব্যাক পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন শাখা কর্তৃক নিয়মিত প্রদান করা হচ্ছে এবং এ ধারা অব্যাহত রাখা হচ্ছে। | শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই-এর ফিডব্যাক পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন শাখা কর্তৃক নিয়মিত প্রদান করতে হবে। | সহকারী পরিচালক<br>(পমূপ্র-১) |
| ১১. | ৩.৩ এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন | এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শনের ০৮টি লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী এনটিআরসিএ-তে কর্মরত ০৫ জন উপপরিচালক-কে দায়িত্ব দিয়ে আদেশ জারি করা যেতে পারে। | এনটিআরসিএ-তে কর্মরত ০৫ জন উপপরিচালক-কে দায়িত্ব দিয়ে আদেশ জারি করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ |
| ১২. | ৩.৪ এনটিআরসিএ’র ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারিদের ছুটির হিসাব সংরক্ষণের জন্য ডাটাবেইজ প্রস্তুতকরণ | এনটিআরসিএ’র ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারিদের ছুটির হিসাব সংরক্ষণের নিমিত্ত ডাটাবেইজ প্রস্তুতকরণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে। | এনটিআরসিএ’র ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারিদের ছুটির হিসাব সংরক্ষণের নিমিত্ত ডাটাবেইজ প্রস্তুতকরণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ<br>ও<br>সিস্টেম এনালিস্ট |
| **আলোচ্যসূচি-ঘ : নৈতিকতা কমিটি পুন:গঠন বিষয়ক আলোচনা** | | | | |
| **ক্র: নং** | **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **গৃহীত সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারীকর্মকর্তা** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটি পুন:গঠন বিষয়ক আলোচনা | এনটিআরসিএ’র নৈতিকতা কমিটিতে সদ্য যোগদানকৃত সিস্টেম এনালিস্ট-কে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুন:গঠন করা যেতে পারে। | এনটিআরসিএ’র নৈতিকতা কমিটিতে সদ্য যোগদানকৃত সিস্টেম এনালিস্ট-কে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুন:গঠন করতে হবে। | সচিব<br>এনটিআরসিএ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

EQKhan

২৩-০৭-২০২৩
মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এনটিআরসিএ

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৫.০০০০.০০৯.৬১.০০১.২০.১৩৩৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কর্মকর্তা (সংশ্লিষ্ট), এনটিআরসিএ, ঢাকা এবং

২। পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

২৩-০৭-২০২৩
মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব), এনটিআরসিএ

**সকল সংযুক্তিসমূহ:**

(১) নৈতিকতা কমিটি’র সভা-১২ জুলাই-২০২৩